**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 23-03-2026** **Desk in Charge: SDG**
**Time:- 7-35 AM** **Edit. & Compile : Sudip B.**
**DEO: KB** **NRT: Sudip B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ রাজ্যে SIR -এর আওতায় 'বিচারাধীন ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আজ প্রকাশিত হবে।

২/ বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশন, আজ আরেক দফায় জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসবেন।

৩/ নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হতেই, রাজ্য জুড়ে জোর কদমে চলছে প্রচার ও কর্মী সভা।

৪/ স্কুল সার্ভিস কমিশনের নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাই-এর প্রক্রিয়া আজ শুরু হচ্ছে।

৫/ ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল আজ মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হবে।

*************************************************************************

রাজ্যে SIR-এর আওতায় ‘বিচারাধীন বা অ্যাডজুডিকেশনে’ থাকা ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আজ বিকেলে প্রকাশিত হবে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল সাংবাদিকদের বলেন নথি যাচাইয়ের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে, এমন ব্যক্তিদের নাম এই তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

( বাইট- মনোজ কুমার )

গত শুক্রবার পর্যন্ত প্রায় ২৭ লক্ষ ২৩ হাজার বিচারাধীন ভোটারের নথি নিষ্পত্তি হয়েছে। এই সংখ্যা আরও কিছুটা বাড়তে পারে । বর্তমানে দিনে গড়ে প্রায় দু’লক্ষ করে নামের নিষ্পত্তি হচ্ছে। প্রথম তালিকা প্রকাশের পরেই অনলাইন ও অফলাইন—দু’ভাবেই আপিলের সুযোগ থাকবে। ECI NET অ্যাপ বা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন আবেদন করা যাবে। অফলাইনে আবেদন করতে হলে জেলাশাসক বা মহকুমাশাসকের দপ্তরে তা জানাতে হবে।

এদিকে, সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশকে কেন্দ্র করে কোনও অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে ইতিমধ্যেই রাজ্য সরকারের তরফে জেলাশাসকদের সতর্কবার্তা পাঠানো হয়েছে। জমায়েত নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। এসংক্রান্ত চিঠির প্রতিলিপি পাঠানো হয়েছে, রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তা এবং কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দকেও।

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের ২৩-টি জেলার জন্য প্রাক্তন বিচারপতিদের নিয়ে ১৯-টি আপিল ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। অতিরিক্ত তালিকায় বাদ পড়ছেন এমন ব্যক্তিরা এই ট্রাইব্যুনালগুলিতে আবেদন করতে পারবেন।

উল্লেখ্য, গত ২৮-শে ফেব্রুয়ারী অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছিল নির্বাচন কমিশন।

***********************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশন আজ আরেক দফায় সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করবে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকেল চারটেয় এই

বৈঠক হওয়ার কথা। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মনীশ গর্গের পৌরহিত্যে আয়োজিত ওই বৈঠকে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, পবন কুমার শর্মা ছাড়াও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল উপস্থিত থাকবেন। পর্যালোচনা বৈঠকের পর সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার ও পুলিশ সুপারদের নিয়ে একটি ট্রেনিং সেশন শুরু হবে বলে নির্বাচন কমিশন সূত্রের খবর।

উল্লেখ্য, কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা চূড়ান্ত করতে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর গঠিত জয়েন্ট ডেভলপমেন্ট কমিটি গতকাল বৈঠকে বসে। শিপিং কর্পোরেশনের ভবনে আয়োজিত এই বৈঠকে আগামী দিনে রাজ্যে আসতে চলা ৩-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনীকে কোন জেলায় কিভাবে মোতায়েন করা হবে তা নিয়ে আলোচনা হয়।

***********************

বিধানসভা নির্বাচন ঘোষণার পর থেকেই রাজ্যে আদর্শ আচরনবিধি কড়াভাবে প্রয়োগ করছে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের সর্বশেষ রিপোর্ট অনুযায়ী, রাজ্য জুড়ে বেআইনি রাজনৈতিক প্রচারের বিরুদ্ধে ব্যাপক অভিযান চালিয়ে ইতিমধ্যেই ৩ লক্ষ ৫৮ হাজার ৯৮৬টি পোস্টার, ব্যানার ও দেওয়াল লিখন সরানো হয়েছে। উত্তর ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, পূর্ব মেদিনীপুরের মতো জেলাগুলিতে এই অভিযান সবচেয়ে বেশি হয়েছে।

অন্যদিকে, ভোটারদের প্রভাবিত করার অপচেষ্টা রুখতে নজরদারি জোরদার করায় বিপুল পরিমাণ নগদ, মদ, মাদক এবং মূল্যবান ধাতু বাজেয়াপ্ত হয়েছে। কমিশনের তথ্য অনুযায়ী, এখনও পর্যন্ত মোট ১৮১ কোটি ৩১ লক্ষ টাকার সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে। রাজ্য জুড়ে নজরদারির জন্য ১ হাজার ৮৭৯ টি ফ্লাইং স্কোয়াড এবং ২ হাজার ২৩৫টি স্ট্যাটিক সার্ভিল্যান্স টিম মোতায়েন করা হয়েছে। এই দলগুলি গাড়ি তল্লাশি থেকে শুরু করে অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক ব্যবস্থা নিচ্ছে।

সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও কড়া নজর রাখছে কমিশন। রিপোর্ট অনুযায়ী, এখনও পর্যন্ত ৬৭টি অবৈধ অস্ত্র, ৯৬টি কার্তুজ এবং ৩৩৭টি বোমা উদ্ধার হয়েছে। লাইসেন্সপ্রাপ্ত ৫২ হাজারের বেশি অস্ত্রের মধ্যে প্রায় ২৯ হাজার জমা পড়েছে।

************************

রাজ্যের বিভিন্ন প্রান্তে ভোটারদের আস্থা অর্জনে চলেছে কেন্দ্রীয় বাহিনী ও পুলিশের টহলদারি।

শিলিগুড়িতে ভোট পরিচালনার জন্য এখনো পর্যন্ত পাঁচ কোম্পানী আধা সামরিক বাহিনী মোতায়েন হয়েছে। পুলিশ কিমিশনার সৈয়দ ওয়াকার রেজা সহ শীর্ষ পুলিশ কর্তারা গতকাল সাংবাদিক বৈঠক করে একথা জানান। ৩১ তারিখের আগেই বাড়তি ফোর্স শহরে পৌঁছে যাবে বলেও জানানো হয়েছে। আটটি জায়গায় চলছে নাকা চেকিং।

উত্তর দিনাজপুরেও, বাড়তি সতর্কতা অবলম্বন করেছে পুলিশ। জেলা পুলিশ সুপার এস কুলদীপ সুরেশ গতকাল জেলার বিভিন্ন থানায় গিয়ে প্রস্তুতি খতিয়ে দেখেছেন।

এদিকে, গতরাতে কোচবিহারে অসম-বাংলা সীমান্তে নাকা চেকিং চলাকালীন একটি গাড়ি থেকে পুলিশ নগদ এক লক্ষ ১৪ হাজার টাকা উদ্ধার করে।

অবাধ ও সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে, আসানসোল- দুর্গাপুর কমিশনারেটে গতকাল বৈঠক করেছেন পুলিশের উচ্চ পদস্থ কর্তারা। ভিন রাজ্য থেকে অস্ত্র শস্ত্র, নগদ টাকা ও বে আইনী সামগ্রী যাতে রাজ্যে প্রবেশ না করতে পারে, সেদিকে বাড়তি নজর দেওয়া হচ্ছে।

উত্তর ২৪ পরগনার বিভিন্ন বুথে নাকা চেকিং বাড়ানো হয়েছে। বুথ জ্যাম, ছাপ্পা, ভোটারদের ভয় দেখানো রোধে পুলিশকে যাবতীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন আই জি পি অমিত জাভালগি।

************************

কলকাতার পার্শ্ববর্তী জেলা  হাওড়া পশ্চিমবঙ্গের একটি অন্যতম প্রধান ও ঐতিহ্যবাহী শিল্পাঞ্চল|  হাওড়াকে কলকাতার যমজ শহর বলা হয়। ৫০০ বছরের পুরনো এই শহরটি মহানগরী কলকাতার অন্যতম প্রধান প্রবেশদ্বার।

রাজ্যে অষ্টাদশ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় হাওড়ায় ভোট হবে আগামী ২৯শে  এপ্রিল|

এক নজরে দেখে  নেওয়া যাক হাওড়ার ভোট চিত্র-

( ভিসি- সর্বানী )

**********************

নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হতেই, রাজ্য জুড়ে জোর কদমে চলছে প্রচারাভিযান ও কর্মী সভা।

মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী গতকাল চেতলার অহীন্দ্র মঞ্চে দলের কাউন্সিলার ও নেতাকর্মীদের নিয়ে কর্মীসভায় যোগ দেন। আজ থেকেই পাঁচ দিনের টানা প্রচার কর্মসূচী শুরু করছেন মুখ্যমন্ত্রী।

খড়গপুর আসনে বিজেপি প্রার্থী তথা প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ, আজ খড়গপুর শহরের বিভিন্ন ওয়ার্ডে প্রচারে অংশ নেবেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে প্রচারে যোগ দেন।

যাদবপুর আসনে CPIM প্রার্থী বিকাশরঞ্জন ভট্টাচার্য, বিজয়গড় সংলগ্ন এলাকাগুলিতে নির্বাচনী প্রচার করেন। দমদম উত্তরে দলীয় প্রার্থী দীপ্সিতা ধর বিরাটিতে এবং উত্তরপাড়া আসনের প্রার্থী মীনাক্ষী মুখার্জী, নিজের নিজের এলাকায় প্রচারে অংশ নেন।

**********************

বিভিন্ন এলাকায় দলের প্রার্থীদের ওপর আক্রমণ হচ্ছে বলে অভিযোগ তুলে বিজেপি নির্বাচন  কমিশনের হস্তক্ষেপ দাবি  করেছে। বরানগরের  ঘটনার প্রতিবাদে বিজেপি গত সন্ধ্যায়  সেখানে প্রতিবাদ মিছিল করে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মিছিলে উপস্থিত ছিলেন। তিনি বলেন, প্রার্থীদের উপর আক্রমণ বন্ধ

করতে নির্বাচন কমিশনকে উপযুক্ত পদক্ষেপ নিতে হবে। তিনি পুলিশের ভূমিকারও নিন্দা করেন।

অন্যদিকে দলের পক্ষ থেকে অবিলম্বে পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটির উপর নিষেধাজ্ঞা আরোপের দাবি জানানো হয়েছে। বিজেপি নেতা শিশির বাজোরিয়ার নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে সাক্ষাৎ করে এই দাবি জানান।

************************

স্কুল সার্ভিস কমিশনের নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাই প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। চলবে ২৩শে মে পর্যন্ত। জেলার আঞ্চলিক দফতরগুলিতে বিভিন্ন বিষয়ে নবম-দশম শ্রেণীর শিক্ষক পদপ্রার্থীদের তথ্য যাচাই করে ইন্টারভিউ প্রক্রিয়া চলবে।

গত ৭ই সেপ্টেম্বর নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা হয়। ২৩ হাজার ২১২টি শূন্যপদের জন্য পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ৯৩ হাজারের বেশি পরীক্ষার্থী।

অন্যদিকে, একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য আগামী মঙ্গলবার থেকে দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং পর্ব শুরু হবে।

************************

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন অনুষ্ঠান আজ অনুষ্ঠিত হবে। দীর্ঘ ৬ বছর পর এই অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী ভবনে শিক্ষার্থীদের ডিগ্রি ও শংসাপত্র প্রদান করবেন আচার্য তথা রাজ্যপাল আর এন রবি। প্রায় ১১০০ ছাত্রছাত্রীকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে। কবি রণজিত দাসকে সাম্মানিক ডিলিট দেওয়া হবে। সাম্মানিক ডিএসসি প্রদান করা হবে বিজ্ঞানী বিজয় পান্ডুরাং ভাটকরকে। সমাবর্তনের দীক্ষান্ত ভাষণ দেবেন IIT খড়্গপুরের অধিকর্তা সুমন চক্রবর্তী। এছাড়াও কৃতিদের হাতে বারোটি সাম্মানিক মেডেল তুলে দেওয়া হবে।

উল্লেখ্য, ২০২০ সালে শেষবার কলকাতা বিশ্ববিদ্যালয় সমাবর্তন হয়েছিল।

************************

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হবে।
যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

ইস্টবেঙ্গল পাঁচ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠ স্থানে আছে।
অন্যদিকে মহামেডান স্পোর্টিং টানা চার ম্যাচ হেরে সর্বশেষ ১৪ তম স্থানে রয়েছে।

*****************************************************************